গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন-৫
www.ssd.gov.bd

বিষয়: আসন্ন বিশ্ব ইজতেমা, ২০২০ উপলক্ষে আগত বিদেশি মেহমানদের ভিসা প্রদান ও অন্যান্য প্রাসঙ্গিক বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ আজহারুল হক<br>অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| স্থান | : | সভাকক্ষ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| তারিখ ও সময় | : | ২৪ নভেম্বর, ২০১৯ খ্রি: বিকাল-০৩.৩০ ঘটিকা। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান, জননিরাপত্তা বিভাগের ১৯/১১/২০১৯ তারিখেরে ৪৪.০০.০০০০.০৭৯.১০.০০৩.১৩-৫৫২ নং স্মারকমূলে 'বিশ্ব ইজতেমা-২০২০ আয়োজনের লক্ষ্যে Visa on Arrival' কার্যক্রম সমন্বয় সংক্রান্ত কমিটি গঠন করা হয়। এর পরিপ্রেক্ষিতে বিশ্ব ইজতেমা, ২০২০ উপলক্ষে আগত বিদেশি মেহমানদের ভিসা প্রদান ও অন্যান্য প্রাসঙ্গিক বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অংশ হিসেবে এ সভার আয়োজন করা হয়েছে। পূর্ববর্তী বছর সমূহের অভিজ্ঞতার আলোকে কি কি পদক্ষেপ গ্রহণ করা হলে এ ধর্মীয় অনুষ্ঠানটি সার্বিকভাবে সাফল্যমন্ডিত করা যেতে পারে সে বিষয়ে অভিমত পেশ করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

০২। মাদ্রাসা উলুমি দীনিয়া মালওয়ালী মসজিদ এর প্রতিনিধি জনাব মামুন হাশমী জানান, বিশ্ব ইজতেমা ২০২০ আগামী ১০-১২ ও ১৭-১৯ জানুয়ারী টঙ্গী-তে অনুষ্ঠিত হতে যাচ্ছে। এ উপলক্ষে প্রতি বছর বিভিন্ন দেশ থেকে হাজার হাজার ধর্মপ্রাণ মুসলমান আল্লাহপাকের মহান দ্বীন ও দ্বীনের মেহনত শিখার জন্য বাংলাদেশে এসে থাকেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয় বিশ্ব ইজতেমাকে সামনে নিয়ে আন্ত:মন্ত্রণালয় মিটিং, বিদেশি মেহমানদের জন্য ভিসা নীতিমালা, ময়দানের অবকাঠামোর উন্নয়ন ও সার্বিক নিরাপত্তাসহ অন্যান্য বিষয়াদির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে থাকে। পৃথিবীর বিভিন্ন দেশে অবস্থিত প্রতিটি বাংলাদেশ মিশন ও কনস্যুলেটে বিশ্ব ইজতেমার সময় তাবলীগে আগমনেচ্ছুক বিদেশি মেহমানদের জন্য ভিসা প্রদানের সহজ নীতিমালা ও আনুষঙ্গিক বিষয়াদি প্রসঙ্গে নির্দেশনা জারী করে থাকে। বিগত বছরগুলোর ন্যায় বিশ্ব ইজতেমায় অংশগ্রহণেচ্ছু বিদেশি মেহমানগণের জন্য আগমনী ভিসা (Visa on Arrival) সহ অন্যান্য ক্যাটাগরীতে ভিসা প্রদানের প্রয়োজনীয় নির্দেশনা জারী করা প্রয়োজন।

০৩। জনাব মোহাম্মদ শাহরিয়ার আলম, স্পেশাল পুলিশ সুপার (ইমিগ্রেশন), স্পেশাল ব্রাঞ্চ জানান, আসন্ন বিশ্ব ইজতেমায় আগত বিদেশি মেহমানদের ভিসা/আগমনী (Visa on Arrival) প্রদানের বিষয়ে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা, শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম এবং ওসমানী আন্তর্জাতিক বিমান বন্দর, সিলেট-কে পত্রের মাধ্যমে অবহিত করা প্রয়োজন। তাছাড়া প্রতি বছরের ন্যায় বিশ্ব ইজতেমা সুস্পষ্টভাবে সম্পন্ন করার লক্ষ্যে অফিস আদেশ ও Fax Message-এর মাধ্যমে ভিসা প্রদানের জটিলতা এড়ানো সম্ভব হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য/-

-পূর্ব পৃষ্ঠা হতে-

০৪। জনাব মো: সাইদুর রহমান, পরিচালক, বহিরাগম ও পাসপোর্ট অধিদপ্ত জানান, যে সব দেশে বাংলাদেশের দূতাবাস রয়েছে সে সব দেশ হতে বিদেশি মেহমানগণ প্রতিবছরের ন্যায় TI-ভিসা নিয়ে বাংলাদেশে আগমন করবেন। কেন্দ্রিয় মারকাজ বিশ্ব ইজতেমায় অংশগ্রহণেচ্ছু বিদেশি মেহমানগণের তালিকা স্পেশাল ব্রাঞ্চ, এনএসআই ও ডিজিএফআই অফিসে প্রেরণ করবে এবং বিশ্ব ইজতেমায় আগত বিদেশি মেহমানগণের বিভিন্ন স্থল বন্দরে সুষ্ঠভাবে ইমিগ্রেশন আনুষ্ঠানিকতা সম্পন্ন করার লক্ষ্যে ০৯ (নয়) টি স্থল বন্দর ব্যবহার করা যেতে পারে।

০৫। জনাব আবুল কালাম আজাদ, সিনিয়র সহকারী সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় জানান, বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস/মিশনসমূহের কর্মকর্তাগণকে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে সুস্পষ্ট নির্দেশনা প্রদান করা যেতে পারে।

০৬। এ ছাড়াও উক্ত বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়, দপ্তর ও অধিদপ্তর হতে আগত প্রতিনিধিগণ একমত প্রোষণ করেন।

০৭। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) বিশ্ব ইজতেমায় অংশগ্রহণেচ্ছু বিদেশি মেহমানগণের নাম, পাসপোর্ট নম্বর, জাতীয়তা, জন্ম তারিখ, ছবিযুক্ত পাসপোর্টের কপি এবং সংশ্লিষ্ট দেশের কেন্দ্রিয় মারকাজ ও বাংলাদেশের কেন্দ্রিয় মারকাজের সুপারিশসহ সত্যায়িত ছবি সম্বলিত তালিকা আগামি ১৫ ডিসেম্বর, ২০১৯ তারিখের মধ্যে কেন্দ্রিয় মারকাজ, ডিজিএফআই, এনএসআই, স্পেশাল ব্রাঞ্চ এবং সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর প্রেরণ ;

(খ) কেন্দ্রিয় মারকাজের আমন্ত্রণপত্র ছাড়া এবং সংশ্লিষ্ট মারকাজ কর্তৃক প্রেরিত তালিকায় নাম নেই এমন কোন বিদেশি মেহমানকে আগমনী ভিসা (Visa on Arrival) প্রদান না করা;

(গ) আসন্ন বিশ্ব ইজতেমায় অংশগ্রহনেচ্ছু বিদেশি মেহমানদের বিভিন্ন স্থল বন্দরে **"স্থলবন্দর ও ভ্রমণ দলিল যাচাই"** কমিটিতে স্পেশাল ব্রাঞ্চ এর প্রতিনিধি হিসেবে পুলিশ বিশেষ সুপার (ইমিগ্রেশন), ল্যান্ড এন্ড সী পোর্ট-কে আহবায়ক করে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের প্রতিনিধি, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তরের প্রতিনিধি, জেলা/মহানগর বিশেষ শাখা, বহিরাগমন ও পাসপোরট অধিদপ্তরের প্রতিনিধি, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের প্রতিনিধি, মাদ্রাসা উলুমি দীনিয়া মালওয়ালী মসজিদ এবং তাবলীগ জামাত বাংলাদেশ, কাকরাইল মসজিদ এর প্রতিনিধি অন্তর্ভুক্ত করা;

(ঘ) আসন্ন বিশ্ব ইজতেমায় অংশগ্রহনেচ্ছু বিদেশি মেহমানদের ঢাকা ও ঢাকার বাহিরে বিমান বন্দরসমূহে আগমনী ভিসা (Visa on Arrival) প্রদানের নিমিত্ত **"অভ্যর্থনা কাম ভিসা সেল"** কমিটিতে স্পেশাল ব্রাঞ্চ এর প্রতিনিধি হিসেবে পুলিশ বিশেষ সুপার (ইমিগ্রেশন), ল্যান্ড এন্ড সী পোর্ট-কে আহবায়ক করে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের প্রতিনিধি, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তরের প্রতিনিধি, জেলা/মহানগর বিশেষ শাখা, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রতিনিধি, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের প্রতিনিধি, মাদ্রাসা উলুমি দীনিয়া মালওয়ালী মসজিদ এবং তাবলীগ জামাত বাংলাদেশ, কাকরাইল মসজিদ এর প্রতিনিধি অন্তর্ভুক্ত করা;

(ঙ) আসন্ন বিশ্ব ইজতেমায় অংশগ্রহনেচ্ছু বিদেশি মেহমানগণকে 'TI' শ্রেণির ভিসা নিয়ে আসতে হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য/-

-পূর্ব পৃষ্ঠা হতে-

(চ) বিশ্ব ইজতেমা উপলক্ষে আগমনেচ্ছু বিদেশি মেহমানদের সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিনের আগমনী ভিসা (Visa on Arrival) প্রদান করা;

(ছ) পাকিস্তান থেকে শুধুমাত্র শুরা সদস্যদেরকে যাচাই-বাছাই পূর্বক ভিসা প্রদান করা যাবে;

(জ) .যেসব দেশে উগ্র ধর্মীয় গোষ্ঠী/আইএস ধ্বংসাত্মক কর্মকান্ডে লিপ্ত রয়েছে সেসব দেশের মেহমানদের কে তাবলীগ জামাত শুরা কর্তৃক নিরুৎসাহিত করার ব্যবস্থা নিতে হবে। সেসব দেশ যেমন সিরিয়া, ইয়েমেন, নাইজেরিয়া, ইরাক, সোমালিয়ার, লেবানন, লিবিয়া, সুদান, চাদ, মালি, তিউনিশিয়া, আফগানিস্তান, পাকিস্তান, ফিলিস্তিন এবং ইসরাইল হতে আগত মেহমানদের 'TI' শ্রেণির ভিসা প্রদান এবং আগমনী ভিসা (Visa on Arrival) প্রদানে সর্ব্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে;

(ঝ) যেই সকল দেশে বাংলাদেশের দূতাবাস/মিশন রয়েছে সেই সব দেশ হতে আগত বিদেশি মেহমানগণ সংশ্লিষ্ট দূতাবাস বা মিশন হতে 'TI' শ্রেণির ভিসা সংগ্রহপূর্বক বাংলাদেশে আগমন করবেন;

(ঞ) আগত বিদেশী মেহমানদের On Arrival Visa সহ বিমান বন্দর/স্থলবন্দর সমূহে যে কোন জটিলতা তাৎক্ষণিক নিরসনের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়:

(i) যুগ্মসচিব, বহিরাগমন-৫, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। মোবাইল ফোন নম্বর-০১৭১১-২৭০২৮০

(ii) অতিরিক্ত পুলিশ সুপার (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা। মোবাইল ফোন নম্বর-০১৭১৩-৩৭৩০৭২

(iii) অতিরিক্ত পুলিশ সুপার (ল্যান্ড এন্ড সি-পোর্ট), স্পেশাল ব্রাঞ্চ, মালিবাগ, ঢাকা। মোবাইল ফোন নম্বর-০১৭১৩-০৩৬২৬৬

(iv) জনাব মামুন হাশমী, প্রতিনিধি, মাদ্রাসা উলুমি দীনিয়া মালওয়ালী মসজিদ, ঢাকা। মোবাইল ফোন নম্বর-০১৬১১-৫০০০৩২

০৮। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ০৩/১২/২০১৯
(মোহাম্মদ আজহারুল হক)
অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন)
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য/-

-পূর্ব পৃষ্ঠা হতে-

নং-৫৮.০০.০০০০.০৪৪.০৫.০০১.১৯-৮০৮

তারিখ : ১৯ অগ্রায়ণ, ১৪২৬বঃ
০৪ ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১। সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৩। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৪। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
০৫। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, ঢাকা।
০৬। মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
০৭। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, এসবি, রাজারবাগ, ঢাকা।
০৮। চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, ঢাকা।
০৯। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১১। প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
(আদেশটি সুরক্ষা সেবা বিভাগের ওয়েব সাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
১২। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম/ওসমানী আন্তর্জাতিক বিমান বন্দর, সিলেট।
১৩। অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৪। আহলে শুরা, তাবলীগ জামাত বাংলাদেশ, মালওয়ালী মসজিদ, কাকরাইল, রমনা, ঢাকা।
১৫। মাদ্রাসা উলূমি দীনিয়া মালওয়ালী মসজিদ, কাকরাইল, ঢাকা-১০০০।

(এ এস এম জাকির হোসেন)
যুগ্মসচিব
ফোন-৯৫৭৭৮৮৫
E-mail : immi5@ssd.gov.bd